

তারিখ : 13/12/2016

আর বি আই ডেপুটি গভর্নর শ্রী আর. গান্ধী এবং শ্রী এস.এস.মুদ্রা কাগজী মুদ্রা জারি সংক্রান্ত বিষয়ে
এজেন্সীগুলিকে তথ্যনির্দেশ দিলেন : সম্পাদিত অনুলিপি

ভিডিও লিঙ্ক

শ্রী আর. গান্ধী :

- নভেম্বর 10, 2016 তারিখের প্রোগ্রাম শুরু হওয়ার পর ডিসেম্বর 10, 2016 তারিখ পর্যন্ত ₹4.61 লক্ষ কোটি টাকা মূল্যের ব্যাংকনোট সাধারণ জনগণের মধ্যে কাউন্টার থেকে এবং ATM-এর মাধ্যমে বন্টন (দেওয়া) হয়েছে।
- ডিসেম্বর 10, 2016 তারিখ পর্যন্ত ₹12.44 লক্ষ কোটি টাকা মূল্যের ₹500 এবং ₹1000 মূল্যমানের বিশেষভাবে উল্লেখিত ব্যাংকনোট (SBNs) আর বি আই এবং কারেন্সী চেপ্টগুলিতে ফেরত এসেছে।
- এই সময়ে আর বি আই সাধারণ জনগণের কাছে ব্যাংক এবং তাদের শাখাগুলির মাধ্যমে বিভিন্ন মূল্যমানের 21.8 বিলিয়ন সংখ্যক নোট দেয়েছে যার মধ্যে আছে 20.1 বিলিয়ন সংখ্যক কম মূল্যমানের ₹10,20,50, এবং 100 টাকার নোট এবং 1.7 বিলিয়ন সংখ্যক ₹2000 এবং ₹500 টাকা মূল্যের উঁচু মূল্যমানের নোট।
- সুতরাং এইভাবে সাধারণ জনগণের হাতে নোট পৌঁছে দেওয়ার জন্য সমস্ত ব্যবস্থাকে নিরবিচ্ছিন্নভাবে সচল রাখা হয়েছে। প্রত্যহই আমরা আরও আরও নোট জারি করছি, নোটগুলির মুদ্রণ করছি এবং বন্টন করছি। এটি একটি চলমান প্রচেষ্টা এবং জনসাধারণকে অনুরোধ করা হচ্ছে তাদের হাতে থাকা নোট মজুত না করে মুক্তভাবে ব্যবহার করতে।

শ্রী এস.এস. মুদ্রা

- সংবাদ মাধ্যমে কিছু খবর প্রচারিত হয়েছে যে বিভিন্ন ব্যাংক শাখাতে এমন কিছু সন্দেহজনক লেনদেন সংগঠিত হয়েছে অথবা কিছু ব্যাংক কর্মীরা ওই লেনদেনগুলির সঙ্গে জড়িত আছে, এমন অভিযোগ উঠেছে।
- আমি উল্লেখ করতে চাই যে এই পদ্ধতি শুরু হওয়া থেকে ব্যাংকগুলি খুব ভালো কাজ করেছে। ব্যাংক কর্মীরা প্রচুর উদ্যোগ নিয়েছেন এবং তাদের মধ্যে বেশীরভাগ কর্মীই নিশ্চিতভাবে প্রশংসিত হয়েছেন।
- এ কথা বলা সত্ত্বেও, এই বিপুল কর্মসূচিতে এঁদের মধ্যে সবক্ষেত্রেই এমন কিছু ব্যক্তি থাকেন যাঁরা যেমন হওয়া বাঞ্ছনীয় তার বাইরে হন এবং সে বিষয়ে আমরা নিরবিচ্ছিন্ন নজর রাখছি। সমস্ত ব্যাংক কতৃপক্ষকে আমরা বিস্তারিত নির্দেশ পাঠিয়েছি কেন্দ্রীয়ভাবে তথ্য নিরীক্ষণ করতে এবং যখনই কোন অনিয়ম দেখা যাবে সেগুলিকে যেন সঙ্গে সঙ্গে তাদের নিজস্ব হিসাব-নিরীক্ষণ পদ্ধতির মাধ্যমে পরবর্তী অন্বেষণ করা হয়।
- ব্যাংকগুলির বিভিন্ন তথ্যমূলক কেন্দ্রে আর বি আই অবৈধকরা একই নিরীক্ষণ পদ্ধতি চালিয়ে যাচ্ছেন এবং যখনই কোন অবৈধ লেনদেন বা অনিয়মিত কাজকর্ম নজরে আসবে যথাযথ তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

- ইতিমধ্যেই এমন কিছু ক্ষেত্রে ব্যাংক ব্যাংকগুলি তাদের কর্মীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছে।
- সংবাদ মাধ্যমে আর বি আই-এর বেঙ্গালুরু কার্যালয়ের একজন কর্মীর নামেও একটি প্রতিবেদন এসেছে। এই বিষয়ে আমি স্পষ্টিকরণ করছি যে তিনি ভারতীয় রিজার্ভ ব্যাংকের একজন জুনিয়র কার্যনির্বাহক এবং তদন্তকারী সংস্থার কাছ থেকে প্রাপ্ত তথ্যানুসারে যে ব্যাংকশাখাতে কিছু সন্দেহজনক লেনদেন সংগঠিত হচ্ছিল সেই ব্যাংকশাখাতে তিনি উপস্থিত ছিলেন বলে নথিভুক্ত হয়েছে। এই সংবাদ জানার পর ওই কর্মীকে নিলম্বিত করা হয়েছে। আমরা একটি তদন্ত প্রক্রিয়া শুরু করেছি এবং প্রকৃত তথ্যের বিশদ নিশ্চিতভাবে জানার পর যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।
- কোন সন্দেহজনক লেনদেন দেখার পর যখনই বিভিন্ন তদন্তকারী সংস্থাগুলি তা আমাদের নজরে আনছে ভারতীয় রিজার্ভ ব্যাংকও তাদের সঙ্গে সহযোগিতা এবং সংযোগ রক্ষা করে চলছে। আমার মনে হয়, এটা সবাই জানেন যে ভারতীয় রিজার্ভ ব্যাংক সহ সমস্ত ব্যাংকের আভ্যন্তরীণ ব্যবস্থাতে জনস্বার্থ সম্পর্কিত তথ্য প্রকাশের পদ্ধতির প্রচলন আছে এবং আমরা এইসমস্ত কর্মপদ্ধতির রূপায়নের ক্ষেত্রে এই ব্যবস্থা থেকে এই রকম কোন সংবাদ পেলে তাকে উৎসাহিত করি; যখনই জনস্বার্থ সম্পর্কিত তথ্য প্রকাশের মাধ্যমে সেটি আমাদের নজরে আসবে আমরা যথাযথ ব্যবস্থা নেব।
- PTI থেকে প্রশ্ন : অ্যাক্সিস ব্যাংককে একটি কারণ দর্শানোর সূচনা জারি করার সংবাদ পাওয়া গেছে।

আমি উল্লেখ করেছি যে এই মূল্যে এই ধরনের কোন সংবাদ নেই। কোথায় এই ধরনের সংবাদ গেছে সে ব্যাপারে অনুসন্ধান করা হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত আমরা কোন কারণ দর্শানোর সূচনা জারি করি নি।

প্রেস প্রকাশনী: : 2016-2017/1508

অল্পনা কিল্লাওয়াল
মুখ্য উপদেষ্টা